



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট



আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট

Web: www.sylhetboard.gov.bd, E-mail: chairmanbisesyl@gmail.com

স্মারক নং : সিশিবো/প্রশা-০১/২০১৯/২৮০৭

তারিখ : ১৯ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
০৪ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ


বিষয় : বোর্ডের বিভিন্ন আর্থিক লেনদেন এবং এসএসসি পরীক্ষা-২০২১ এর ফরম পূরণ বাবদ আদায়কৃত অব্যয়িত অর্থ ফেরত প্রদানের জন্য সোনালী ব্যাংকে অনলাইন একাউন্ট খোলা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, বোর্ডের প্রায় সকল ধরনের আর্থিক লেনদেন এবং এসএসসি পরীক্ষা-২০২১ এর ফরম পূরণ বাবদ আদায়কৃত অব্যয়িত অর্থ ফেরত প্রদান সোনালী ব্যাংকের মাধ্যমে করা হবে। বোর্ডের বিভিন্ন ধরনের ফিস সংগ্রহ বা প্রয়োজনে প্রতিষ্ঠানকে কোন অর্থ প্রদান বা যে কোন ধরনের আর্থিক লেনদেন সহজে ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রতিটি প্রতিষ্ঠানের নামে সোনালী ব্যাংকে একাউন্ট থাকা একান্ত জরুরী হয়ে পড়েছে। এক্ষেত্রে যেসকল প্রতিষ্ঠান পূর্বেই হুবহু প্রতিষ্ঠানের ইংরেজি নামে সোনালী ব্যাংকের একাউন্ট আছে সেসকল প্রতিষ্ঠানের নতুন করে একাউন্ট করার প্রয়োজন নেই। তবে একাউন্টের নাম অবশ্যই প্রতিষ্ঠানের ইংরেজি নামে হতে হবে। বোর্ডের ওয়েবসাইটে প্রতিষ্ঠানের নাম যেভাবে ইংরেজিতে আছে হুবহু সেভাবেই একাউন্টের নাম নির্ধারণ করতে হবে অন্যথায় একাউন্ট নম্বর গ্রহণযোগ্য হবে না। তবে একাউন্ট করা থাকলে প্রতিষ্ঠানের নামে করার জন্য ব্যাংকের মাধ্যমে সংশোধন করা যাবে।

এমতাবস্থায়, যেসকল প্রতিষ্ঠানের ইংরেজি নামে সোনালী ব্যাংকে একাউন্ট নেই তাদেরকে সত্বর সোনালী ব্যাংকে একাউন্ট খুলতে হবে এবং যেসকল প্রতিষ্ঠানের পূর্বেই প্রতিষ্ঠানের হুবহু ইংরেজি নামে একাউন্ট আছে উভয় প্রতিষ্ঠানকে আগামী ১২/১১/২০২১ খ্রি. তারিখের মধ্যে বোর্ডের ওয়েবসাইটে নির্ধারিত প্যানেলের মাধ্যমে একাউন্ট নম্বরসহ অন্যান্য তথ্য প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, সোনালী ব্যাংক একাউন্ট খোলার ব্যাপারে সার্বিক সহযোগিতা করবে।


বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



✓ সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।


প্রাপক : অধ্যক্ষ/ প্রধান শিক্ষক

বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান।

অবগতির জন্য অনুলিপিঃ

১. মহা-ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, সিলেট।
২. হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৪. সংরক্ষণ নথি।